ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY
ISO 9001:2015 Certified

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site:www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০১.০০৯.২৫. 2848

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির হিসাবরক্ষক/প্লান্ট হিসাবরক্ষক' এর শূন্য পদ পূরণের লক্ষ্যে "পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২)" ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী "সহকারী হিসাবরক্ষক/প্লান্ট হিসাবরক্ষক" গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | হিসাবরক্ষক/প্লান্ট হিসাবরক্ষক' | ০১টি | a. A Minimum of 05 (Five) years working experience (Regular Basis) as assistant Accountant or assistant Plant Accountant in a PBS:<br>b. Knowledge in Finance, Accounting and Budget Planning is essential:<br>c. Knowledge in PBS construction and operation procedure.<br>d. Able to Provide Surety bond required by the PBS:<br>e. Computer literacyis a must;<br>f. Must fulfill the conditions as follows:<br>Employees serving in the post of Assistant Accountants and Assistant Plant Accountants will be promoted in the post of Accountant/ Plant Accountant.according to their inter PBS seniority subject to strict compliance of the provisions/conditions laid down in section A.a.1.1 of PBS policy Instruction 300-24.<br>g. There is no age limit for the above mentioned PBS .employees. In case of promotion, continuity of their services, financial benefits, seniority etc. will be protected under PBS Service Rule.<br>h. Departmental Candidates selected by the selection committee shall be appointed as Accountant/Plant Accountant on current-charge for a period of 1 (One) year, which however may be extended for maximum 6 (six) month. |

০১. **আবেদন করার নিয়মাবলি:**
বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) নিজ জেলা, (ঞ) ধর্ম, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ড) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ, (ঢ) সর্বশেষ চার বছরের এসিআর রেটিং (ণ) বিগত ০৫(পাঁচ) বছরের শাস্তির বিবরণ (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ২২-০৬-২০২৫ **খ্রি. রবিবার সকাল ১০:০০ ঘটিকার** সময় ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা এ স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২. **আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ফটোকপি।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি।
(চ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।
(ছ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও অনাপত্তির সনদপত্র, বিগত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) বিস্তারিত উল্লেখ পূর্বক বর্তমানে কোন বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(জ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

E:\হিসাব রক্ষকপ্লানট হিসাব রক্ষক\হিসাব রক্ষকপ্লান্ট হিসাব রক্ষক.docx

**০৩. পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

ক) কোনো কর্মচারীর উপর কোনো দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বছর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না (দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুর হবে);

খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে;

ঘ) প্রার্থীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে;

ঙ) ভোলা পবিস-এর ভৌগোলিক এলাকার প্রার্থী হলে;

**০৪. শর্তাবলি:**

(ক) নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্ব" হিসাবে নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্বকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় "চলতি দায়িত্ব" কালের মেয়াদ বৃদ্ধি বা পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।

(খ) অতীত কর্ম সম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে পবিস সার্ভিস কোড অনুযায়ী পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকান্ডে তাঁর/তাঁদের কাজের সর্বোত্তম উৎকর্ষতা অর্জন ও ব্যবহার নিশ্চিত কল্পে তার/তাঁদের মেধা, দক্ষতা ও পদের পারস্পরিক জ্যেষ্ঠতার সমন্বয়ে মূল্যায়ন পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

(গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ও ভাতাদি সংরক্ষণ করা হবে।

(ঘ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭,১৪ ও ১৫ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

(ঙ) ভোলা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কোন আত্নীয়-স্বজন আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

(চ) তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমাণিত হয়, তবে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই প্রশাসনিক বা আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(জ) শর্তাবলিতে উল্লেখ নেই এমন কোনো বিষয়ে জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঝ) যে কোনো আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০২/০৬/২৪
(প্রকৌ. সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ভোলা।
০৩। পুলিশ সুপার, ভোলা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দ:অ:)/পবিস মানবসম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। তত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবোর্ড, ভোলা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.........................পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবোর্ড, ভোলা।
০৯। ডিজিএম চরফ্যাশন/লালমোহন/পরাণগঞ্জ জোনাল অফিস/(সদর-কারিগরি), ভোলা পবিস।
১০। এজিএম (এমএস/ওএন্ডএম/অর্থ), ভোলা পবিস।
১১। এজিএম (ওএন্ডএম), দঃআইচা/তজুমদ্দিন/বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, ভোলা পবিস।
১২। এজিএম (আইটি), ভোলা পবিস (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট www.pbs.bhola.gov.bd ভোলা পবিস।
১৪। অফিস/মাস্টার কপি।

০২/০৬/২৪
(প্রকৌ. সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার